গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

**বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার" এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য'র" লাভের অসামান্য অর্জনকে সারাদেশে একইদিনে "আনন্দ শোভাযাত্রা'র মাধ্যমে উদযাপন সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ অহিদুল ইসলাম<br>যুগ্ম-সচিব ও পরিচালক (পিআইডব্লিউ ও পিআইইউ) |
| তারিখ | : | ২৩/১১/২০১৭ খ্রি: |
| সময় | : | সকাল ১০:০০টা |
| স্থান | : | কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। শিক্ষা মন্ত্রণালয়ের, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনার আলোকে ৩০০০ শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করার জন্য ঢাকাস্থ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে নূন্যতম ৩৫০০ জন শিক্ষার্থী বিবেচনার জন্য টার্গেট নির্ধারণ করা যেতে পারে। "আনন্দ শোভাযাত্রা'র অংশগ্রহনকারী ছাত্র/ছাত্রীদের নিরাপত্তা যাতায়াত এবং শৃংঙ্খলা বজায় রাখার জন্য স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান উল্লেখযোগ্য ভূমিকা পালন করবেন মর্মে উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন।

এতদসংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। প্রতিষ্ঠান ভিত্তিক ছাত্র/ছাত্রীর উপস্থিতি নিশ্চিত করনের তথ্যবিবরণী :

| ক্র : নং | প্রতিষ্ঠানের নাম | মোট অংশগ্রহণকারী | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা | ২০০০ জন (মহিলা ২০০ জন) | জনাব মোঃ জাকির হোসেন, অধ্যক্ষ |
| ২. | ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা | ৭০০ জন মহিলা | জনাব রেবেকা ইয়াসমিন, অধ্যক্ষ |
| ৩. | বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক | ১০০ জন | জনাব মোঃ আইয়ুব আলী, অধ্যক্ষ |
| ৪. | গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ঢাকা | ২০০ জন (১৫জন মহিলা) | জনাব নীহার রঞ্জন দাস, অধ্যক্ষ |
| ৫. | টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা | ২০ জন | জনাব মোঃ রমজান আলী, অধ্যক্ষ |
| ৬. | ন্যাশনাল পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা | ৫০০ জন (৫০ জন মহিলা) | জনাব মোঃ সাইমুল আলম, পরিচালক |
| ৭. | সাইক পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা | ২০০ জন | অধ্যক্ষ |

২। অংশগ্রহনকারী ছাত্র/ছাত্রীদের নিরাপত্তা, যাতায়াত এবং শৃংঙ্খলা রক্ষার যাবতীয় দায় দায়িত্ব স্ব-স্ব প্রতিষ্ঠানের উপর ন্যস্ত থাকবে। এক্ষেত্রে ছাত্র/ছাত্রী পরিবহনের সময় প্রত্যেক গাড়ীতে নূন্যতম একজন গাইড শিক্ষককে মনোনয়ন প্রদান করতে হবে।

23/11/2017

৩। যানজট এবং যানবাহনের জটিলতা পরিহার করার জন্য দুপুর ১.০০টার মধ্যেই স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান তাঁর অধীনস্থ ছাত্র/ছাত্রীদের সোহরাওয়ার্দী উদ্যান সংলগ্ন ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটশন, বাংলাদেশ এর সামনে আবশ্যিকভাবে উপস্থিতি নিশ্চিত করতে হবে। অংশগ্রহনকারী ছাত্র/ছাত্রীদের লেজার শো প্রদর্শণ করা হবে। দীর্ঘ সময় অবস্থানকালীন সময়ে স্ব-স্ব প্রতিষ্ঠান অংশগ্রহনকারী ছাত্র/ছাত্রীদের খাবার পানি, নাস্তা, প্রাথমিক চিকিৎসার সামগ্রীর পর্যাপ্ত সংস্থান রাখতে হবে। প্রয়োজনীয় সংখ্যক রোভার স্কাউটের উপস্থিতিসহ সামগ্রীক উন্নত ব্যবস্থাপনার মাধ্যমে প্রোগ্রামটি সফল করতে হবে।

৪। ছাত্রীদের নিরাপত্তার বিষয়টি অধিক গুরুত্ব প্রদান করত: অধ্যক্ষ, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকাকে বিশেষ ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

**৫। ঢাকাস্থ প্রতিষ্ঠানের বাইরে কারিগরি অন্যান্য প্রতিষ্ঠানসমূহ জেলা ও উপজেলা কর্তৃপক্ষের সাথে সার্বিক যোগাযোগ স্থাপন পূর্বক আনন্দ শোভাযাত্রা উদযাপন করবেন।**

৬। আনন্দ শোভাযাত্রাকে শৈল্পিক, নান্দনিক ও দর্শকগ্রাহী করার জন্য প্রয়োজনীয় সংখ্যক ব্যানার, ফেষ্টুন, প্লাকার্ড বাদ্যযন্ত্র, ব্যান্ডদল ডিসপ্লেসহ বর্ণাঢ্য আয়োজনের ব্যবস্থা স্ব-স্ব প্রতিষ্ঠান গ্রহণ করবেন।

৭। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার" এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য'র" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে সারাদেশে একইদিনে "আনন্দ শোভাযাত্রা'র মাধ্যমে উদযাপন বিষয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে সমন্বয় এবং যে কোন তথ্যের জন্য পরিচালক (পিআইডব্লিউ এবং পিআইইউ) জনাব মোঃ অহিদুল ইসলাম, (মোবাইল নং-০১৭২৬৭০৭৪৪১) অথবা উপাধ্যক্ষ ও সংযুক্ত কর্মকর্তা জনাব মোঃ রেজাউল করিম (মোবাইল নং-০১৮১৯২০২৪৮৮) এর সাথে যোগাযোগ করা যেতে পারে ।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
মোঃ অহিদুল ইসলাম
যুগ্ম-সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ ও পিআইইউ)

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬৩.২৩.০১৩.১৭-৪৪৬ তারিখ : ২৩/১১/২০১৭ খ্রি:

**<u>সদয় অনুলিপি :</u>**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (দৃষ্টি আকর্ষণ : উপ-সচিব প্রশাসন ও অর্থ)।
২। পরিচালক, প্রশাসন/পিআইডব্লিউ/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ ফরিদপুর/ময়মনসিংহ/সিলেট।
৪। অধ্যক্ষ, টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও ঢাকা।
৫। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট -----------------------সকল।
৬। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ-------------------------------------সকল।
৭। সহকারী পরিচালক, ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সেল, (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৩/১১/2017

**(মোঃ রেজাউল করিম)**
উপাধ্যক্ষ ও সংযুক্ত কর্মকর্তা
কারিগরি শিক্ষা অধিদপ্তর